

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 12-04-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ করবুকে রাজ্যভিত্তিক বৈসু উৎসবের উদ্বোধন করবেন। আগামীকাল মুখ্যমন্ত্রী কাঞ্চনপুরে রাজ্যভিত্তিক বিজু উৎসবের উদ্বোধন করবেন।
- (২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যকে খাদ্য স্বয়ন্ত্রের করার পাশাপাশি কৃষি এবং কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে।
- (৩) আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আগামীকাল এফ এম উচ্চব্যন্তি চ্যানেল পুনরায় চালু করা হবে।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হনুমান জয়ন্তীতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

Baisu Utsab :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ করবুকে রাজ্যভিত্তিক বৈসু উৎসবের সূচনা করেন। ক্ল সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে আগামীকাল কাঞ্চনপুর মহকুমার রতনমণি আশ্রম স্কুল প্রাঙ্গণে রাজ্যভিত্তিক বীজু উৎসব অনুষ্ঠিত হবে। এই উৎসব প্রাঙ্গণে থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন দলের প্রদর্শনী স্টল।

Wish :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বিজু উৎসব, বৈসু উৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘চিরাচরিত এইসব উৎসব উদযাপন আমাদের চিরায়ত ফ্রিতিহের এক-একটি ধারা। তিনি বলেন এইসব উৎসব আয়োজনের মধ্য দিয়ে আমাদের নিজস্ব রীতিনীতি, ধর্মীয় বিশ্বাস, কৃষি ও বর্ণময় সংস্কৃতির প্রকাশ ঘটে, যা আমাদের সম্প্রীতি ও একাত্মতাকে সুদৃঢ় করে। এদিকে বিজু উৎসব, বৈসু উৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন এডিসির চেয়ারম্যান জগদীশ দেৱৰ্মা ও মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া।

* * * * *

Agri Minister :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যকে খাদ্য স্বয়ন্ত্রর করার পাশাপাশি কৃষি এবং কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে। সিপাহীজলা জেলার জম্পুইজলায় এগ্রিকালচার ডেভেলাপমেন্ট, রিসার্চ কাম ট্রেনিং সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষি জমির সঠিক ব্যবহার এবং সঠিক সময়ে কৃষকদের বিভিন্ন আধুনিক কৃষি উপকরণ প্রদানের বিষয়ে রাজ্য সরকার বিশেষ অগ্রাধিকার দিচ্ছে।

* * * * *

FM Ujjayanta :

আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে এফ এম উজ্জ্বলতা চ্যানেল পুনরায় চালু করা হবে। আগামীকাল থেকে তা কার্যকর হবে। পাশাপাশি আকাশবাণী আগরতলার এ এম চ্যানেলও পৃথকভাবে চালু থাকবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রতিদিন এফ এম প্রচার তরঙ্গের অধিবেশন সকাল ৬টায় শুরু হবে।

* * * * *

IIIT :

ইন্ডিয়ান ইনসিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি, আগরতলার দ্বিতীয় ও তৃতীয় সমাবর্তন অনুষ্ঠান আজ এনআইটি আগরতলার বিশ্বেশ্বরাইয়া অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়াহাটিস্থিত ইন্ডিয়ান ইনসিটিউট অফ টেকনোলজি এবং ইন্ডিয়ান ইনসিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি'র প্রাক্তন অধিকর্তা অধ্যাপক (ডা.) গৌতম বড়ুয়া। স্বাগত ভাষন দেন আগরতলাস্থিত ইন্ডিয়ান ইনসিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি'র অধিকর্তা অধ্যাপক অভয় কুমার। অনুষ্ঠানে পৌরহিত্য করেন বোর্ড অফ গভর্নস'র চেয়ারম্যান প্রাক্তন লেফটেন্যান্ট জেনারেল ড. কনসাম হিমালয় সিং। আজ সমাবর্তন অনুষ্ঠানে মোট ৩৩ জন ছাত্রছাত্রীকে ডিগ্রির শংসাপত্র তুলে দেওয়া হয়। এদের মধ্যে ২০২২-২৩ সালের ১৫ জন ছাত্রছাত্রী এবং ২০২৩-২৪ সালের ১৮ জন ছাত্রছাত্রী রয়েছেন। তারা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনীয়ারিংয়ে বি টেক ডিগ্রি অর্জন করেছেন।

* * * * *

Sushanta Chowdhury :

পর্যটনমন্ত্রী মুশান্ত চৌধুরী প্রতি শনিবারের মতো আজও তাঁর সরকারি বাসভবনে মানুষজনের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি মজলিশপুর সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের লোকজনদের সঙ্গে দেখা করেন এবং তাঁদের অভাব-অভিযোগের কথা শুনে তার সাধ্যমত সমাধান করার বিষয়ে আশ্বস্ত করেন। তিনি বলেন এই কর্মসূচি জনগণকে সাহায্য করার এবং সরকারকে আরও নাগরিক-কেন্দ্রিক করে তোলার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করছে। শ্রী চৌধুরী বলেন জনগণ তাদের চিকিৎসা চাহিদা এবং অন্যান্য সমস্যার তাৎক্ষণিক সমাধান পাচ্ছেন। পাশাপাশি এই উদ্যোগ জনগণ এবং সরকারের মধ্যে ব্যবধান কমাতেও একটি কার্যকর উপায় হয়ে উঠেছে বলে তিনি জানান।

* * * * *

Yaba :

আসাম রাইফেলস এবং ডিআরআই এর যৌথ অভিযানে আজ তেলিয়ামুড়ায় একটি লরিতে তল্লাশি চালিয়ে ৬ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। আসাম রাইফেলস এক বিবৃতিতে জানিয়েছে, লরিটিতে ৬০ হাজার ইয়াবা ট্যাবলেট ছিল। এই অভিযানে আসামের দুই বাসিন্দাকে আটক করা হয়।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Hanuman Jayanti :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হনুমান জয়ন্তীতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী সঙ্কটমোচন ভগবান হনুমানের আশীর্বাদে সকল মানুষ সুস্থ, সুখী এবং সমৃদ্ধ হবে বলে আশা প্রকাশ করেন।

হনুমান জয়ন্তী উপলক্ষ্যে আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে পূজার্চনার আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন,

সাহস, বীরত্ব, শক্তি এবং ত্যাগের প্রতীক রাম ভক্ত হনুমান। মুখ্যমন্ত্রী ডা: সাহাও হনুমান জয়ন্তী উপলক্ষ্যে রাজ্যবাসীর সুখ, শান্তি, সমৃদ্ধি ও সাফল্য কামনা করেছেন।

Hanuman Jayanti-KAILASHAHAR :

আজ উনকোটি জেলা সদর কৈলাশহরেও হনুমান জয়ন্তী পালিত হয়। শহর এলাকার বিভিন্ন স্থানে সার্বজনীন হনুমান পূজার আয়োজন করা হচ্ছে। হনুমান জয়ন্তী উপলক্ষ্যে হিন্দু ত্রিক্য মঞ্চের আহ্বানে আজ বিকালে এক মোটর বাইক রেলি কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। স্থানীয় শ্রীরামপুর ট্রাই জংশন থেকে রেলিটির সূচনা হয়।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নিশ্চিত করেছেন যে কেন্দ্রীয় সরকার এবং মহারাষ্ট্র সরকার উভয়ই ছত্রপতি শিবাজি মহারাজের ঐতিহাসিক পীঠস্থান রায়গড় দুর্গকে দেশের যুবসমাজের অনুপ্রেরণার উৎস হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।

মহারাষ্ট্রের রায়গড় দুর্গে ছত্রপতি শিবাজি মহারাজের ৩৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধাঙ্গলি ও পুষ্পস্তুক অর্পণ করে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন, ছত্রপতি শিবাজি মহারাজের চিরন্তন বার্তা ছিল যে স্বরাজ বা স্বশাসনের জন্য লড়াই কখনও থামানো উচিত নয়। তিনি আরও বলেন যে, আজ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, কেন্দ্রীয় সরকার বিশ্বস্ততার সঙ্গে শিবাজি মহারাজের দৃষ্টিভঙ্গি অনুসরণ করছে এবং ভারতকে সমগ্র বিশ্বের কাছে আশার আলো হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য অক্ষণ্ট পরিশ্রম করছে।

#####Byte-Amit Shah#####

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগড ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

* * * * *

TET Couching :

দক্ষিণ ত্রিপুরা জেলার যে সমস্ত পরীক্ষার্থী আসন্ন টেট-টু পরীক্ষা-২০২৫ এ বসবে তাদের জন্য জেলা পরিষদের উদ্যোগে বিনামূল্যে তিনিদিনের এক বিশেষ কোচিং ১৭ এপ্রিল থেকে শুরু হবে। বিলোনীয়ার বিদ্যাপীঠ সুবর্ণ জয়ন্তী হলে এই কোচিং চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। প্রতিদিনে সকাল ১১টা থেকে কোচিং শুরু হবে। কোচিং দেবেন আগরতলার একাডেমি সার্ভিসেস-এর অভিজ্ঞ শিক্ষকগণ। আগ্রহী পরীক্ষার্থীদের এই সুযোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক।

* * * * *

IPFT :

আইপিএফটির মহিলা সংগঠন ইন্ডিজেনিয়াস ওমেন ফ্রন্ট অফ ত্রিপুরার ত্রিবার্ষিক রাজ্য সম্মেলন আজ আগরতলার ভগৎ সিং যুব আবাসে অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুঙ্কা চৱণ গোয়াতিয়া, আই.পি.এফ.টি-র সভাপতি প্রেম কুমার রিয়াং, সম্পাদক স্বপন দেববর্মা প্রমুখ। সম্মেলনের শুরুতেই প্রাক্তনমন্ত্রী প্রয়াত এনসি দেববর্মার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শুঙ্কা জ্ঞাপন করা হয়।

UPI :

ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইণ্ডিয়া, NPCI জানিয়েছে যে কিছু বিরতিহীন প্রযুক্তিগত সমস্যার কারণে ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস-UPI লেনদেন আংশিকভাবে ব্যাহত হচ্ছে। NPCI জানিয়েছে যে নির্বিশ্লেষিত ডিজিটাল লেনদেন নিশ্চিত করার জন্য সমস্যাগুলি সমাধানের জন্য কাজ চলছে।

IPL Fan Park :

ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের পরিচালনায় আজ আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে ফ্যান পার্কে IPL এর ম্যাচ দেখানো হচ্ছে। আজ প্রথম ম্যাচটি ছিল Lucknow Super বনাম Giants Gujrat Titan। দ্বিতীয় ম্যাচটি দেখানো হচ্ছে Sunrisers Hyderabad বনাম পাঞ্জাব কিংসের। ফ্যান পার্কে আগামীকাল Royal Challengers Bangalore বনাম রাজস্থান রয়েলস এবং দিল্লি ক্যাপিটালস বনাম মুম্বাই ইণ্ডিয়ানসের ম্যাচ দেখানো হবে। ফ্যান পার্কে ম্যাচ দেখা ঘিরে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাঙ্গল থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের স্থাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিস্ফিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।
